২০২৬

# বাংলা

(মেজর-V)

(এন ই পি পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

চতুর্থ সেমেস্টার

কোর্স কোড : BNG-MJ-T-402

(কাব্যের রূপভেদ ও আধুনিক বাংলা কাব্য কবিতা)

[NEP-2020]

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘন্টা

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) রামায়ণ, মেঘনাদবধ কাব্য, কুমারসম্ভব, ইলিয়ড—মহাকাব্য-গুলির শ্রেণি নির্দেশ করো।

খ) গীতিকবিতার দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

গ) স্তোত্র কবিতার সংজ্ঞা দাও।

ঘ) ওভিদের কাব্যের অন্তত তিনজন নায়িকার নাম করো যাদের প্রভাব বীরাঙ্গনা কাব্যের নারী চরিত্র পরিকল্পনায় লক্ষ্য করা যায়।

ঙ) 'দশরথের প্রতি কেকয়ী' পত্রটি বীরাঙ্গনা কাব্যের কত সংখ্যক সর্গ? কাব্যটিতে কী ধরনের ছন্দ ব্যবহৃত হয়েছে?

*[পরের পাতায়]*

চ) 'চণ্ডালের পদধূলি ব্রাহ্মণের ভালে'—এখানে 'চণ্ডাল' ও 'ব্রাহ্মণ' কাদের বলা হয়েছে?

ছ) 'মাইকেল মধুসূদন দত্ত' কবিতাটি কবির কোন গ্রন্থে সংকলিত হয়েছে? এটি কী জাতীয় কবিতা?

জ) "এই মন্ত্র, এই দীক্ষা, এই জপ অবিরত।"

—কোন্ মন্ত্র অবিরত জপ করার কথা বলা হয়েছে?

ঝ) 'শিশুর হাসি' কবিতাটি কবির কোন কাব্যগ্রন্থে সংকলিত? এই কবির আরও দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

ঞ) 'পৃথিবীর গভীর গভীরতর অসুখ এখন'

—কবি ও কবিতার নামোল্লেখ করে ঠিক পরের পঙ্‌ক্তিটি লেখো।

ট) 'সামাজিক লোকটার' কয়েকটি চারিত্রিক বৈশিষ্ট্য লেখো।

ঠ) 'রইল পড়ে গলির কোণে'

—'গলির কোণে' কী পড়ে থাকার কথা বলা হয়েছে? বিজ্ঞাপনে কী ঝুলতে থাকে?

ড) 'উড়িয়া বসিছে অলি গুঞ্জরি গুঞ্জরি'।

—'অলি' শব্দের অর্থ লেখো। এখানে অলি কোথায় বসেছে?

ঢ) "শব থেকে উৎসারিত স্বর্ণের বিস্ময়

আমাদের পিতা বুদ্ধ কনফুশিয়সের মতো আমাদেরও প্রাণ মূক করে রাখে;"

—উদ্ধৃতাংশে উল্লিখিত বুদ্ধ ও কনফুশিয়স কে ছিলেন?

ণ) 'সে এসে একবার এই হাততালির উর্ধ্বে গলা তুলে জিজ্ঞাসা করুক'—'সে' কে? তার সম্পর্কে কবি কী কী বিশেষণ প্রয়োগ করেছেন?



২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) সার্থক পত্রকাব্যের বৈশিষ্ট্যগুলি লেখো।

খ) আখ্যান কাব্যের বৈশিষ্ট্য ও শ্রেণিবিভাগ উল্লেখ করো।

গ) গীতিকবিতা হিসাবে কবি গিরীন্দ্রমোহিনী দাসীর 'শ্রাবণে' কবিতাটির সার্থকতা বিচার করো।

ঘ) "মাধবের মন্ত্রসিদ্ধ মোহন মুরলী

ধ্বনিল রাধার... চিত্ত-নিকুঞ্জ মোহনে

অমনি রাধার আত্মা দ্রুত গেল চলি

শ্যামতীর্থে,..."

—তাৎপর্য বিশ্লেষণ করো।

ঙ) "বিকিয়ে গেছে চোখের চাওয়া

তোমার সাথে ওতপ্রোত

নিয়ন আলোয় পণ্য হল

যা কিছু আজ ব্যক্তিগত।"

—কবি ও কবিতার নামোল্লেখ করে উদ্ধৃতাংশের তাৎপর্য লেখো।

চ) কবিতা সিংহের 'সেই নারী' কবিতাটির ছত্রে ছত্রে নারী জীবনের মর্মযন্ত্রণা ধ্বনিত হয়েছে।—সংক্ষেপে আলোচনা করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) সনেট কবিতার বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

খ) কূল-মান-কলঙ্কের তোয়াক্কা না করে সোমের প্রতি প্রেমের দুর্নিবার আকর্ষণ তারা চরিত্রটিকে মহিমান্বিত করেছে। —আলোচনা করো।

গ) কবি দ্বিজেন্দ্রলাল রায়ের 'ওই মহাসিন্ধুর ওপার থেকে' গান-কবিতায় দার্শনিক তত্ত্ব ও সুখ সমৃদ্ধিময় ভারতের যে রূপটি প্রকাশ পেয়েছে তা নিজের ভাষায় লেখো।

ঘ) "রাজা, তোর কাপড় কোথায়?"—এই উদ্ধৃতাংশটিতে রাষ্ট্র ও সমাজ-ভাবনার যে বিশেষ রূপ আভাসিত হয়েছে, তা কবিতার আলোকে বিচার করো।